

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিস্ফোরক পরিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০১
ওয়েবসাইট: www.explosives.gov.bd

২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে বিস্ফোরক পরিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter) বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণের দ্বিতীয় সভার কার্যবিবরণী।

সভাপতি : এইচ.এম.খালিদ ইফতেখার
প্রধান বিস্ফোরক পরিদর্শক (অ.দা.)
তারিখ : ৩১ ডিসেম্বর, ২০২০
সময় : বিকাল ৩.০০ ঘটিকা
স্থান : অনলাইন, জুম মিটিং
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে বিস্ফোরক পরিদর্শক, জনাব মনিরা ইয়াসমিন সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ সভায় যুক্ত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি বলেন, এপিএ বাস্তবায়নের ধারাবাহিকতার লক্ষ্যে অংশীজনের সভা আয়োজন করা হয়েছে। অত্র দপ্তরের বিভিন্ন ধরনের সেবা গ্রহীতা রয়েছে। তাদের মধ্য হতে এলপিজি বটলিংপ্লান্ট এবং এলপিজি সিলিন্ডার আমদানিকারক সংশ্লিষ্ট সেবা গ্রহীতাদের আজকের সভায় আমন্ত্রণ করা হয়েছে। সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের সংক্ষিপ্ত ধারণা প্রদান করেন।

সভাপতির অনুমতিক্রমে বিস্ফোরক পরিদর্শক মনিরা ইয়াসমিন দপ্তরের সিটিজেন'স চার্টার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। সহকারী বিস্ফোরক পরিদর্শক, সানজিদা আক্তার বিস্ফোরক পরিদপ্তরের ওয়েবসাইট থেকে সিটিজেন চার্টারের এলপিজি বিধিমালা, ২০০৪ এর সেবা সমূহ প্রদর্শন করে বিস্তারিত আলোচনা করেন।

বিস্ফোরক পরিদর্শক, জনাব মনিরা ইয়াসমিন আরো বলেন, বিস্ফোরক পরিদপ্তরের সিটিজেন চার্টারের ৪২ ধরনের নাগরিক সেবা বর্ণিত রয়েছে যা অন্যান্য সরকারি দপ্তর থেকে তুলনামূলক অনেক বেশি। যেহেতু জনবল কম সেক্ষেত্রে সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা গ্রহীতাদের কোনো অসুবিধা হচ্ছে কীনা তা জানতে চাওয়া হয়। সিটিজেন চার্টার নিয়ে সেবা গ্রহীতাদের কোনো প্রস্তাব/উপদেশ রয়েছে কীনা তাও জানতে চাওয়া হয়। সেবা গ্রহীতাদের পক্ষ থেকে ইউনিগ্যাসের প্রতিনিধি জনাব মোঃ আব্দুর রহমান বলেন, সিটিজেন'স চার্টার সেবা গ্রহীতাদের জন্য সঠিক রয়েছে।

উপস্থিত সেবা গ্রহীতাদের সিটিজেন চার্টারের উল্লেখিত সেবা প্রদান পদ্ধতি ওয়েবসাইটে সংশ্লিষ্ট আবেদন ফরম ডাউনলোডের ব্যবস্থা, সেবা প্রদানের সময়সীমা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সম্পর্কে অবহিত করা হয়। সেবা গ্রহীতাদের সেবা গ্রহণের ক্ষেত্রে ওয়েবসাইট থেকে সিটিজেন'স চার্টার দেখার বিষয়ে অনুরোধ করা হয়। তাছাড়া অফিস প্রাঙ্গণে সিটিজেন'স চার্টার প্রদর্শন করা হয়েছে যার মাধ্যমে অফিসে আগত সেবা গ্রহীতার সেবা সম্পর্কে জানতে পারবেন মর্মে অবহিত করা হয়।

বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক)	সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করতে হবে;
(খ)	অংশীজনদের বা সেবা গ্রহীতাদের অবহিতকরণের লক্ষ্যে পরবর্তী ০২ টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে;
(গ)	সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করতে হবে;

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



৩১/১২/২০২০

(এইচ.এম. খালিদ ইফতেখার)

প্রধান বিস্ফোরক পরিদর্শক (অ. দা.)

টেলিফোন: ৯৩৪৫২৫৮

ই-মেইল: dhaka@explosives.gov.bd